

## মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

সভাপতি : ৪নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা  
জনাব মোঃ শাকিল রাক্বী কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন, নুতনপাড়া ০৪নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ : বিকাল ৩.০০ ঘটিকা, ০৮/০৬/২০২১খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

### আলোচ্যসূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২। রাস্তা ও ড্রেন মেরামত এবং সড়ক বাতি সচল রাখা প্রসঙ্গে।
- ৩। মশকনির্ধন ও ডাষ্টবিন স্থাপন প্রসঙ্গে।
- ৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন মেরামত এবং সড়ক বাতি সচল রাখা প্রসঙ্গে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। এ ব্যাপারে পৌরসভা আপনাকে সহযোগিতা করবে। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য মোঃ মোশারফ হোসেন বলেন ৪নং ওয়ার্ডে কবর স্থানের রাস্তা অবস্থা খুবই নাজুক থাকায় জনগনের চলাচল করতে অসুবিধা হয় উক্ত রাস্তা করার জন্য অনুরোধ করেন ৪নং ওয়ার্ডের বিভিন্ন এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		বৃদ্ধি, পরিচ্ছন্ন কর্মী দ্বারা ময়লা অপসারণ কার্যক্রম জোরদারসহ অত্র এলাকায় দ্রুত সড়ক বাতি স্থাপনের জন্য সদস্য গন সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করন। সদস্য জনাব মোঃ তাহাজোত সেখ বলেন ৪নং ওয়ার্ডে সেখপাড়প কবর স্থানের রাস্তায় ড্রেনের অবস্থা খুবই নাজুক থাকায় পুরাতন ড্রেন ভেঙ্গে রাস্তা ভেঙ্গে যাচ্ছে। দ্রুত উক্ত ড্রেন করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন এবং আপাতত কিছু রাবীশ দেওয়ার জন্য বলেন।		
০৩	মশকনির্ধন ও ডাষ্টবিন স্থাপন প্রসংগে	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাব আবু হানিফ বলেন ৪নং ওয়ার্ডের নুতনপাড়ার মেইন রাস্তাটি কার্পেটিং হওয়ায় ধন্যবাদ জানান এবং কাথুলী রোডে যে ড্রেন আছে খুবই নাজুক অবস্থা অবশিষ্ট রাস্তা ও ডেন গুলো পৌর জনস্বার্থে জরুরী ভিত্তিতে নির্মানের জন্য অনুরোধ জানান। এর ফলে অত্র এলাকায় খুবই মশার উপদ্রপ বেড়েছে এবং এতে মশা বাহিত রোগ বৃদ্ধি পাচ্ছে। সদস্য জনাব মোছাঃ কহিনুর বলেন যে, বড় বাজার হতে কাথুলী রোড পৌর সীমানা পর্যন্ত রাস্তায় ডাষ্টবিন স্থাপন UGHP-III প্রকল্পের আওতায় আনার জন্য অনুরোধ জানান।	পৌর ফান্ড এবং প্রজেক্ট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজগুলি সমাধানের সুপারিশ করা হয়।	মেয়র
০৬	বিবিধ	আলোচনায় সচিব মেহেরপুর পৌরসভা বলেন যে, মেহেরপুর পৌরসভাকে বাল্য বিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রত্যেক এলাকায় বাল্য বিবাহ যাতে না ঘটে সে ব্যাপারে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ শাকিল রাব্বী)  
সভাপতি(WC)

ও

৪নং ওয়ার্ড কাউন্সিলর  
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ৩১/০৮/২০২১, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	শিউলী
২	জনাব মোছাঃ আরবিয়া খাতুন	সেখপাড়া, মেহেরপুর	
৩	জনাব মোছাঃ ফারাহ্ দিবা রাক্বী	সেখপাড়া, মেহেরপুর	
৪	জনাব মোঃ তাহাজোত সেখ	সেখপাড়া, মেহেরপুর	তাহাজোত
৫	জনাব মোঃ আমানুল	সেখপাড়া, মেহেরপুর	
৬	জনাব মোঃ মোশারফ হোসেন	নতুনপাড়া, মেহেরপুর	মোঃ মোশারফ হোসেন
৭	জনাব মোঃ আবু হানিফ	নতুনপাড়া, মেহেরপুর	আবু হানিফ
৮	জনাব মোছাঃ কোহিনুর	সেখপাড়া, মেহেরপুর	কোহিনুর
৯	জনাব মোঃ শহিদুল ইসলাম	সার্ভেয়ার, মেহেরপুর পৌরসভা	শহিদুল ইসলাম
১০	জনাব,মোঃ শাকিল রাক্বী	কাউন্সিলর ও সভাপতি	শাকিল রাক্বী ৩১/০৮/২১